**ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ**
**প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল-১৪)**
**৮, রাজউক এভিনিউ, ঢাকা-১০০০।**
**হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট**

তারিখঃ ১৫ ফাল্গুন ১৪২৯
২৮ ফেব্রুয়ারি ২০২৩

# প্রশাসনিক পরিপত্র নং- ১৬/২০২৩

ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি)- এর ট্রাস্টিধীন ৬১টি মিউচ্যুয়াল ফান্ড এর সম্পদ ব্যবস্থাপক কর্তৃক দাখিলকৃত বার্ষিক/অর্ধ-বার্ষিক আর্থিক প্রতিবেদন পর্যবেক্ষণের লক্ষ্যে নিম্নোক্ত সদস্যগণের সমন্বয়ে একটি টাস্কফোর্স গঠন করা হলো:

| ক্রম. | নাম ও আইডি নং | পদবি | বর্তমান কর্মস্থল |
|---|---|---|---|
| ০১. | জনাব মোঃ আবু তালেব<br>২০১১০০০৫ | সিনিয়র প্রিন্সিপাল অফিসার | আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড |
| ০২. | জনাব সোহেল রানা<br>২০১২০০১৪ | সিনিয়র প্রিন্সিপাল অফিসার | আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড |
| ০৩. | জনাব শরীফুল ইসলাম<br>২০১২০০৪৯ | সিনিয়র প্রিন্সিপাল অফিসার | পেনশন এন্ড ওয়েলফেয়ার ডিপার্টমেন্ট এবং ডিসিপ্লিন, গ্রিভেন্স এন্ড আপিল ডিপার্টমেন্ট (যৌথ দায়িত্ব) |
| ০৪. | জনাব এস.এম. রাকিব ফরাজী<br>২০১৫০০৭২ | প্রিন্সিপাল অফিসার | ফান্ড ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট |
| ০৫. | জনাব সুদীপ্ত চৌধুরী<br>২০২০০০২৪ | সিনিয়র অফিসার | এসপিভি ইউনিট |
| ০৬. | জনাব মোঃ রুহুল আমিন<br>২০২০০০২৬ | সিনিয়র অফিসার | কাস্টডিয়ান ডিপার্টমেন্ট |

**টাস্কফোর্স-এর কার্যপরিধি (ToR):**

০১. ৬১টি মিউচ্যুয়াল ফান্ড এর সম্পদ ব্যবস্থাপক কর্তৃক জুন ২০২২ ও ডিসেম্বর ২০২২ এ দাখিলকৃত বার্ষিক/অর্ধ-বার্ষিক আর্থিক প্রতিবেদনসমূহ রিভিউ করতে হবে বা পুনরায় দেখতে হবে এবং রিভিউ এর আওতায় নিম্নোক্ত বিষয়সমূহ যাচাই করতে হবে:

ক) মিউচ্যুয়াল ফান্ড এর পোর্টফোলিওভুক্ত সিকিউরিটিজসমূহ অর্থাৎ মানি মার্কেট ও ক্যাপিটাল মার্কেট ইন্সট্রুমেন্ট, ব্যাংক ডিপোজিট, এফডিআর-টিডিআর, কমার্শিয়াল পেপার ইত্যাদি যথাযথভাবে যাচাইকরণ। এছাড়াও ব্যাংক স্টেটমেন্টসমূহ সরাসরি সংশ্লিষ্ট ব্যাংক হতে সংগ্রহ ও যাচাইকরণ;

খ) অ-তালিকাভুক্ত সিকিউরিটিজ (Non-Listed Securities) এ বিনিয়োগ তথ্যের যথার্থতা যাচাইকরণ;

গ) ফান্ড-এর অভ্যন্তরে অতিমূল্যায়িত (overrated) কোন Asset আছে কি-না তা যাচাইকরণ;

ঘ) ফান্ড এর কোন খারাপ বিনিয়োগ (Bad Investment) আছে কি-না তা যাচাইকরণ;

ঙ) প্রদর্শিত সম্পদ অস্তিত্বহীন বা দীর্ঘ দিন যাবৎ নন-পারফর্মিং (Non-Performing) বা অকার্যকর (Non-Functioning) থাকা সত্ত্বেও আর্থিক বিবরণীতে ভালো বিনিয়োগ (Good Investment) হিসেবে রিপোর্ট করা হয়ে থাকলে তা চিহ্নিতকরণ;

চ) ফান্ড এ বিনিয়োগকৃত আর্থিক সম্পদ (Financial Asset) এর কোন ক্ষতি (Impairment) হয়ে থাকলে সেটা অ-স্বীকৃত (Un-recongnised) আছে কি-না তা যাচাইকরণ;

ছ) মিউচ্যুয়াল ফান্ড এর পোর্টফোলিও ভুক্ত সিকিউরিটিজসমূহ কাস্টডিয়ান এর নিকট যথাযথভাবে সংরক্ষিত রয়েছে কি-না তা যাচাইকরণ এবং সেগুলো যথার্থ কি-না তা নিশ্চিতকরণ;

জ) ফান্ড এর আর্থিক বিবরণীতে কোন উল্লেখযোগ্য ভুল বিবৃতি (Substantial Misstatement) আছে কি-না তা যাচাইকরণ;

ঝ) ফান্ড এ প্রদর্শিত নীট সম্পদ মূল্য (NAV) অতিমূল্যায়িত হয়ে থাকলে প্রকৃত/যথাযথ সম্পদমূল্য (NAV) নিরূপণ এবং অতিমূল্যায়িত নীট সম্পদ মূল্য (NAV) এর প্রেক্ষিতে Management Fee, Trustee Fee, Custodian Fee, CDBL Fee, BSEC Fee বাবদ ফান্ড হতে কি পরিমাণ অর্থ বেশি খরচ হয়েছে তার পরিমাণ নির্ণয়করণ;

ঞ) দাখিলকৃত বার্ষিক/অর্ধ-বার্ষিক আর্থিক প্রতিবেদনে উল্লিখিত ইউনিট সংখ্যা এতদসংশ্লিষ্ট RT14 Report এর মাধ্যমে যাচাইকরণ; এবং

ট) নিয়মবহির্ভূত কোন ব্যয় Account for করা হয়েছে কি-না তা যাচাইকরণ।

চলমান পাতা-০২

০২. সংশ্লিষ্ট ফান্ডসমূহের সম্পদ ব্যবস্থাপক কর্তৃক দাখিলকৃত আর্থিক প্রতিবেদনসমূহ পর্যবেক্ষণে কোন প্রকার অসংগতি পরিলক্ষিত হলে সেগুলো চিহ্নিতকরণপূর্বক নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণের জন্য টাস্কফোর্স সুপারিশ করবে:

ক) প্রাপ্ত অসংগতিসমূহে প্রয়োজনীয় সংশোধনী আনয়নের বিষয়ে ট্রাস্টি কর্তৃক সম্পদ ব্যবস্থাপককে পত্র প্রদান;

খ) পুনঃনির্ধারিত (Restated) আর্থিক বিবরণী বিএসইসি'র তালিকাভূক্ত ও স্বনামধন্য নিরীক্ষক কর্তৃক নিরীক্ষা সম্পন্নকরণ;

গ) বর্ণিত নিরীক্ষা বিশেষ উদ্দেশ্যে নতুন নিরীক্ষা (New Audit For Special Purpose) হিসেবে অভিহিত হবে।

ঘ) ডিসেম্বর ২০২২ হিসাব সমাপনী বছর হলে দাখিলকৃত ১ (এক) বছরের আর্থিক হিসাব বিবরণী পুনঃনির্ধারণ (Restate) করতে হবে এবং সমাপনী হিসাব বছর জুন ২০২২ হলে ডিসেম্বর ২০২২ এ দাখিলকৃত অর্ধ-বার্ষিকসহ দেড় বছরের আর্থিক হিসাব বিবরণী পুনঃনির্ধারণ (Restate) করত হবে।

ঙ) যেসব ফান্ড এর ফিন্যান্সিয়াল অ্যাসেট-এ ইমপেয়ারমেন্ট/অস্তিত্বহীন/দীর্ঘদিন নন-পারফরমিং/ নন-ফাংশনিং রয়েছে, সেগুলোর Risk Weighted Values রিপোর্ট করতে হবে যা তৃতীয় একটি কলাম তৈরীপূর্বক প্রদর্শন করতে হবে।

চ) নিরীক্ষক কর্তৃক ফান্ড এর পুনঃনিরীক্ষা সম্পাদনের ক্ষেত্রে Impairment- এর পরিমাণ নিরূপণে "IFRS-9" অনুসরণ করতে হবে।

০২। টাস্কফোর্সের সদস্যগণ ট্রাস্টি ডিপার্টমেন্ট এর সহকারী মহাব্যবস্থাপক বরাবর রিপোর্ট করবেন।

০৩। আলোচ্য টাস্কফোর্স আগামী ০২.০৩.২০২৩ তারিখ হতে পরবর্তী ২০ (বিশ) কার্যদিবসের মধ্যে এতৎসংক্রান্ত যাবতীয় কার্যক্রম সম্পন্ন করবে।

০৪। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারি করা হলো।

(বিশ্বাস সাহা)
উপ-মহাব্যবস্থাপক

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. জনাব
২. সহকারী মহাব্যবস্থাপক/সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিবি।
৩. উপ-মহাব্যবস্থাপক/সিস্টেম ম্যানেজার, আইসিবি।
৪. মহাব্যবস্থাপক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. উপ-ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৬. ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. চেয়ারম্যান-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৮. প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিবি সাবসিডিয়ারি কোম্পানিসমূহ।
৯. আইসিবি কর্মকর্তা সমিতি, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১০. আইসিবি কর্মচারী ইউনিয়ন, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১১. অফিস কপি।

**অনুলিপি (কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):**

সিনিয়র সিস্টেম এনালিস্ট, প্রোগ্রামিং ডিপার্টমেন্ট, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।